

আন্তর্জাতিক

সৌদি যুবরাজের সঙ্গে লেবাননের রাষ্ট্রপতির ফোনালাপ

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



মধ্যপ্রাচ্যে ইরানের সঙ্গে আঞ্চলিক উত্তেজনা ও সংঘাত অব্যাহত থাকার মধ্যেই লেবানন ও দেশটির রাষ্ট্রপতির প্রতি পূর্ণ সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছে সৌদি আরব।

সোমবার (২০ জুলাই) এক ফোনালাপে লেবাননের রাষ্ট্রপতি জোসেফ আউনের সঙ্গে আলাপকালে এই আশ্বাস দেন সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় লেবাননের রাষ্ট্রপতির কার্যালয় জানায়, রাষ্ট্রপতি জোসেফ আউন ও সৌদি যুবরাজ ফোনালাপে লেবানন ও সামগ্রিক আঞ্চলিক পরিস্থিতির সর্বশেষ উন্নয়ন নিয়ে আলোচনা করেন।

ফোনালাপে সৌদি যুবরাজ বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে লেবাননের পাশে থাকার প্রতিশ্রুতি দেন। একই সঙ্গে লেবাননের সার্বভৌমত্ব, স্বাধীনতা ও আঞ্চলিক অখণ্ডতা রক্ষায় রাষ্ট্রপতি আউনের গৃহীত সমস্ত পদক্ষেপের প্রতি রিয়াদের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন তিনি।

যুদ্ধ কিংবা যুদ্ধবিরতির শেষ সিদ্ধান্ত নেবেন মোজতবা: আরাগচি
বিরুতিতে আরও বলা হয়, লেবানন সরকার যে ক্ষেত্রগুলোকে অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে, সেগুলোতে সহায়তা অব্যাহত রাখার বিষয়ে
সৌদি আরবের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন যুবরাজ মোহাম্মদ।

জবাবে লেবাননের রাষ্ট্রপতি সৌদি যুবরাজকে তাঁর অবিচল সমর্থনের জন্য এবং দেশের অর্থনীতি পুনরুজ্জীবনে নেওয়া পদক্ষেপগুলোর জন্য
ধন্যবাদ জানান। একই সঙ্গে দ্বিপাক্ষিক ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনার জন্য সৌদি আরব সফরের আমন্ত্রণ গ্রহণ করেছেন
রাষ্ট্রপতি আউন।

সূত্র: আল-জাজিরা

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি
করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ
জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাস্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/soudi-jubrajer-sngge-lebanner-rashtptir-fonalap>